

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ননগেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখঃ ০১ জানুয়ারি ২০১৫ খ্রিঃ

নং ৩৫.০০.০০০০.০৩০.২২.০০৩.২০১৪-০১—মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১২ এর অনুচ্ছেদ-৪ অনুযায়ী সড়ক ব্যবহারকারী বিভিন্ন অংশীদারগণের মধ্যে অধিকতর সমন্বয়ের জন্য গঠিত সমন্বয় কমিটি নিম্নোক্তভাবে সংশোধন করা হল:

- | | |
|--|--------|
| (১) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সভাপতি |
| (২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা | সদস্য |
| (৩) উপসচিব (পুলিশ অধিশাখা-৪), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৪) উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৫) উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৬) পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ), খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা | সদস্য |
| (৭) উপপ্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম | সদস্য |
| (৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা | সদস্য |
| (৯) পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| (১০) পরিচালক (কারিগরি), বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা | সদস্য |

(১৪৫)

মূল্য : টাকা ৪.০০

- | | |
|---|------------|
| (১১) পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন সংস্থা, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১২) পরিচালক (ট্রাফিক), স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা | সদস্য |
| (১৩) সচিব, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট | সদস্য |
| (১৪) অতিরিক্ত পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ (পূর্বাঞ্চল), কুমিল্লা | সদস্য |
| (১৫) জনাব মোঃ রুস্তম আলী, সহসভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৬) জনাব আব্দুর রহিম বস্তু দুদু, সিনিয়র সহসভাপতি, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, ২৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ, রোড ডিজাইন এন্ড সেফটি সার্কেল, তেজগাঁও, ঢাকা | সদস্য-সচিব |

সমন্বয় কমিটির কার্যপরিধিঃ—

- (১) কমিটি প্রত্যেক ক্যালেন্ডার বছরের প্রতি দুই মাসে কমপক্ষে একটি সভা করবে। তবে জরুরী প্রয়োজনে এ কমিটি যে কোন সময় সভা আহ্বান করতে পারবে;
- (২) বিশেষ প্রয়োজনে কমিটি যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে পারবে;
- (৩) প্রয়োজনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মতি নিয়ে কোন ব্যক্তি/কর্মকর্তাকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;
- (৪) বিভিন্ন পক্ষের মধ্যে কোন মতবিরোধ হলে তা নিরসনের জন্য কমিটি তাৎক্ষণিক উদ্যোগ গ্রহণ করবে;
- (৫) এ নীতিমালার উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে কোন অভিযোগ অথবা পরামর্শ পাওয়া গেলে কমিটি তা বিবেচনা করবে;
- (৬) কমিটি এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে যে কোন প্রকারের পরামর্শ/প্রস্তাব কর্তৃপক্ষের নিকট পেশ করবে; এবং
- (৭) উপযুক্ত আদালত কর্তৃক আরোপিত কোন শাস্তির বিষয় এ কমিটির কার্যপরিধি বহির্ভূত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তসলিমা কানিজ নাহিদা
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd